তোমার মশকে যদি রাতের পানি থাকে তাহলে আমাদের পান করাও। আর না থাকলে আমরা সরাসরি ঝর্ণায় মুখ লাগিয়ে চুমুক দিয়ে পান করব।

জাবির বিন আব্দুল্লাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আনসারদের এক লোকের কাছে গেলেন। তাঁর সাথে ছিলেন তাঁর এক সাথী।
তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আনসারীকে বললেন, “যদি তোমার
মশকে রাতের বাসী পানি থাকে, তাহলে নিয়ে এসো; নচেৎ সরাসরি পানিতে মুখ লাগিয়ে পান ক’রে নেব।”
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

জাবির বিন আব্দুল্লাহ রাদিয়াল্লাহু আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আবুল হায়সাম বিন তাইহান আল-আনসারী রাদিয়াল্লাহু আনহু নামক এক আনসারী সাহাবীর কাছে গেলেন, তাঁর সাথে ছিলেন সাহাবী আবূ বকর রাদিয়াল্লাহু আনহু। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বললেন, তোমার কাছে যদি মশকে রাখা বাসি পানি থাকে, তাহলে আমাদেরকে পান করাও। আর তখন ছিল গ্রীষ্মকাল। অন্যথায় আমরা কোনো পাত্র বা হাতের সহযোগিতা ছাড়াই সরাসরি মুখ দিয়েই পান করবো। রাতের বাসি পানি চাওয়ার হেকমত হচ্ছে, রাতের বেলায় কলসী বা মশকে পানি রাখলে তা ঠাণ্ডা হয়ে থাকে।

http://sunnah.global/hadeeth/bn/show/4230